

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯।
প্রশাসন বিভাগ, শাখা-২ (শৃঙ্খলা)
www.caab.gov.bd



স্মারক নম্বর: ৩০.৩১.০০০০.২২১.১৪.১৬১.৯৭.১৯৮

তারিখ: ৩০ কার্তিক ১৪২৭

১৪ নভেম্বর ২০২০

বিষয়: জনাব মোঃ সবুর খান (পিতা-মোঃ লায়েছ খান), রেডিও টেকনিশিয়ান এর বিরুদ্ধে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (সিএএবি)-এর কর্মচারি চাকুরি প্রবিধানমালা, ১৯৮৮ এর ৩৯ (ক), (খ) ও (গ) প্রবিধির আওতায় যথাক্রমে 'দায়িত্ব পালনে অবহেলা', 'অসদাচরণ' ও 'পলায়ন'-এর অভিযোগে বিভাগীয় মামলা নং-২৫৩/২০২০ দায়ের।

যেহেতু, পরিচালকের দপ্তর, সেমসুতে পদায়িত আপনি, জনাব মোঃ সবুর খান, রেডিও টেকনিশিয়ান ০১/০৯/২০২০ খ্রিঃ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত আছেন এবং প্রায়শঃ বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকেন;

যেহেতু, আপনি অনুপস্থিতির পরবর্তী দিনে অফিসে এসে হাজিরা খাতায় পূর্ববর্তী অনুপস্থিত দিনের স্বাক্ষর করেন এবং অফিসে না আসা ও বিনানুমতিতে অফিস ত্যাগের কারণে আপনাকে পদায়িত দপ্তর কর্তৃক মৌখিকভাবে বহবার সতর্ক করা হলেও একই ধরনের কাজ বার বার করে আসছেন;

যেহেতু, পূর্বানুমতি ব্যতিরেকে ভোগকৃত ছুটি সংশ্লিষ্ট দপ্তর কর্তৃক ভূতাপেক্ষভাবে অর্জিত ছুটি হিসেবে মঞ্জুর করা হয় এবং আপনাকে এ ধরনের ছুটি ভোগ করা হতে বিরত থাকার জন্য ও ছুটি ভোগের ক্ষেত্রে নিয়ম অনুসরণের জন্য মঞ্জুরিপত্রে বার বার সতর্ক করা হলেও আপনার অভ্যাসের পরিবর্তন না হওয়ায় বিষয়টি সংশ্লিষ্ট দপ্তর কর্তৃক এ দপ্তরকে অবহিত করা হয়;

যেহেতু, আপনার এ ধরনের আচরণ বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের কর্মচারি চাকুরি প্রবিধানমালা, ১৯৮৮ এর প্রবিধি ৩৯ (ক), (খ) ও (গ) মোতাবেক যথাক্রমে 'দায়িত্ব পালনে অবহেলা', 'অসদাচরণ' ও 'পলায়ন'-এর সংজ্ঞায়িত অপরাধ;

সেহেতু, আপনার বিরুদ্ধে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (সিএএবি)-এর কর্মচারি চাকুরি প্রবিধানমালা, ১৯৮৮ এর ৩৯ (ক), (খ) ও (গ) প্রবিধি মোতাবেক যথাক্রমে 'দায়িত্ব পালনে অবহেলা', 'অসদাচরণ' ও 'পলায়ন'-এর অভিযোগ আনয়ন করা হলো।

বর্ণিত অভিযোগ হেতু কেন আপনাকে উক্ত প্রবিধানমালার ৪০(১)(খ)(ঈ) প্রবিধি মোতাবেক চাকুরি হতে 'বরখাস্ত' করা হবে না অথবা অন্য কোন উপযুক্ত শাস্তি প্রদান করা হবে না, অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে সরাসরি তার জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো। আপনি ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণে ইচ্ছুক কিনা তাও লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হলো।

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (সিএএবি)-এর কর্মচারি চাকুরি প্রবিধানমালার ৪৩(১)(ক) প্রবিধি মোতাবেক অভিযোগ বিবরণীর এক কপি এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

সংযুক্ত: বর্ণনা মোতাবেক ০১ (এক) পাতা।

১৫-১১-২০২০

মো: মিজানুর রহমান

সদস্য (প্রশাসন)

জনাব মোঃ সবুর খান (পিতা-মোঃ লায়েছ খান), রেডিও টেকনিশিয়ান, পরিচালকের দপ্তর, সেমসু, কুর্মিটোলা, ঢাকা।

স্মারক নম্বর: ৩০.৩১.০০০০.২২১.১৪.১৬১.৯৭.১৯৮/১(৫)

তারিখ: ৩০ কার্তিক ১৪২৭

১৪ নভেম্বর ২০২০

অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক (যোগাযোগ), বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
- ২) পরিচালক (অর্থ), বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
- ৩) পরিচালক (সেমসু), বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
- ৪) উপ-পরিচালক (সম্পত্তি ব্যবস্থাপনা), বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
- ৫) পিএস টু চেয়ারম্যান, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯।
প্রশাসন বিভাগ, শাখা-২ (শৃঙ্খলা)
www.caab.gov.bd

অভিযোগ বিবরণী

পরিচালকের দপ্তর, সেমসুতে পদায়িত জনাব মোঃ সবুর খান, রেডিও টেকনিশিয়ান ০১/০৯/২০২০ খ্রিঃ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত আছেন এবং প্রায়শঃ বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকেন। তিনি অনুপস্থিতির পরবর্তী দিনে অফিসে এসে হাজিরা খাতায় পূর্ববর্তী অনুপস্থিত দিনের স্বাক্ষর করেন। অফিসে না আসা ও বিনানুমতিতে অফিস ত্যাগের কারণে তাকে পদায়িত দপ্তর কর্তৃক মৌখিকভাবে বহবার সতর্ক করা হলেও তিনি একই ধরনের কাজ বার বার করে আসছেন। পূর্বানুমতি ব্যতিরেকে তার ভোগকৃত ছুটি সংশ্লিষ্ট দপ্তর কর্তৃক ভূতাপেক্ষভাবে অর্জিত ছুটি হিসেবে মঞ্জুর করা হয় এবং তাকে এ ধরনের ছুটি ভোগ করা হতে বিরত থাকার জন্য ও ছুটি ভোগের ক্ষেত্রে নিয়ম অনুসরণের জন্য মঞ্জুরিপত্রে বার বার সতর্ক করা হলেও তার অভ্যাসের পরিবর্তন না হওয়ায় বিষয়টি সংশ্লিষ্ট দপ্তর কর্তৃক এ দপ্তরকে অবহিত করা হয়।

তার এ ধরনের আচরণ বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের কর্মচারি চাকুরি প্রবিধানমালা, ১৯৮৮ এর প্রবিধি ৩৯ (ক), (খ) ও (গ) মোতাবেক যথাক্রমে 'দায়িত্ব পালনে অবহেলা', 'অসচাদরণ' ও 'পলায়ন'-এর সংজ্ঞায়িত অপরাধ।